

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মানিক চন্দ্র দে, অতিরিক্ত সচিব (প্রশাসন), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
স্থান : অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
তারিখ ও সময় : ৩০ অক্টোবর ২০১৬, বেলা ০২:৩০টা
সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট-‘ক’

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ তুলে ধরেন। শুরুর্তেই ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, অর্থ বিভাগের গত ০৩.১০.২০১৬ তারিখের পরিপত্র নম্বর ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৬-৬৩৭ এর নির্দেশনা অনুযায়ী ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের জন্য এ বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও ১ম ত্রৈমাসের প্রকৃত ব্যয়ের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং প্রাপ্ত তথ্য ইতোমধ্যে Integrated Budget & Accounting System (iBAS) এ এন্ট্রি সম্পন্ন হয়েছে।

১. ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি:

১.১ অনুমন্ন ব্যয়:

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ পৃথক-পৃথকভাবে নিম্নে উল্লেখ করা হলো:

১.১.১. সচিবালয়:

(অংকসমূহ হাজার টাকায়)

প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা/ প্রকৃত ব্যয়	১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর '১৬)	২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর '১৬)	৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ '১৭)	৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন '১৭)	(১ম-৪র্থ) কোয়ার্টার (জুলাই'১৬- জুন'১৭)
সচিবালয়	৯,৯১,০০	লক্ষ্যমাত্রা	১৮২২৫	২২৮৭৫	২৪০৫০	৩৩৯৫০	৯৯১০০
		প্রকৃত ব্যয়	১১৬২৪				১১৬২৪
		শতকরা হার	৬৪				

আলোচনা : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মোট বরাদ্দ ৯ কোটি ৯১ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৬৪% অর্জিত হয়েছে।

১.১.২. স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান:

(অংকসমূহ হাজার টাকায়)

প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা/ প্রকৃত ব্যয়	১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর)	২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর)	৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ '১৭)	৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন)	(১ম-৪র্থ) কোয়ার্টার (জুলাই'১৬- জুন'১৭)
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি	৯০৯৫০	লক্ষ্যমাত্রা	২২০৬৮	১৯০৬৮	২০৩৬১	২৯৪৫৩	৯০৯৫০
		প্রকৃত ব্যয়	১৬৪১৩				১৬৪১৩
		শতকরা হার	৭৪				
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট	১০৫১৫০	লক্ষ্যমাত্রা	১১৪৭৯	৪২০৯৬	২৫০১৭	২৭৫৫৮	১০৫১৫০
		প্রকৃত ব্যয়	১১১৭৮				১১১৭৮
		শতকরা হার	৯৭				
বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি	১৮০০০	লক্ষ্যমাত্রা	৫৪৫০	৪৩০০	৪০৫০	৪২০০	১৮০০০
		প্রকৃত ব্যয়	৫৪১১				৫৪১১
		শতকরা হার	৯৯				
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	১০০	লক্ষ্যমাত্রা	২৫	২৫	২৫	২৫	১০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				
মোট স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান	২১৪২০০	লক্ষ্যমাত্রা	৩৯০২২	৬৪৪৮৯	৪৯৪৫৩	৬১২৩৬	২১৪২০০
		প্রকৃত ব্যয়	৩৩০২৭				৩৩০২৭
		শতকরা হার	৮৫				

আলোচনা : এ বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত ৪টি প্রতিষ্ঠানের জন্য বাজেটে মোট বরাদ্দ ২১ কোটি ৪২ লক্ষ টাকা। উক্ত বরাদ্দের বিপরীতে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৮৫% অর্জন সম্ভব হয়েছে।

- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির বরাদ্দ ৯ কোটি ৯ লক্ষ ৫০ হাজার টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৭৪% অর্জিত হয়েছে।
- বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেটের বরাদ্দ ১০ কোটি ৫১ লক্ষ ৫০ হাজার টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৯৭% অর্জিত হয়েছে।
- বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমির বরাদ্দ ১ কোটি ৮০ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৯৯% অর্জিত হয়েছে।
- বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর বরাদ্দ ১ লক্ষ টাকা। কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত অর্থ ছাড় করা হয়নি বিধায় কোন অর্জন নাই।

১.১.৩. প্রোগ্রাম/কর্মসূচি ব্যবস্থাপনা:

(অংকসমূহ হাজার টাকায়)

প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা/ প্রকৃত ব্যয়	১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর '১৬)	২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর '১৬)	৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ '১৭)	৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন '১৭)	(১ম-৪র্থ) কোয়ার্টার (জুলাই'১৬-জুন'১৭)
পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)	২২০০০০	লক্ষ্যমাত্রা	০	২২০০০০	০	০	২২০০০০
		প্রকৃত ব্যয়	০	০			০
		শতকরা হার	০	০			
বাংলাদেশ সিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)	২৮০৫০০	লক্ষ্যমাত্রা	৬৫০০	২৫৮০০০	৮০০০	৮০০০	২৮০৫০০
		প্রকৃত ব্যয়	০	০	০	০	০
		শতকরা হার	০				
স্বনির্ভর প্রশিক্ষণ কর্মসূচি	১৮২০০	লক্ষ্যমাত্রা	৪৫৫০	৪৫৫০	৪৫৫০	৪৫৫০	১৮২০০
		প্রকৃত ব্যয়	৭৩৫				৭৩৫
		শতকরা হার	১৬				
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)	৭৮০০০০	লক্ষ্যমাত্রা	৭৫০০০	৭৫০০০	৭৫০০০	৫৫৫০০০	৭৮০০০০
		প্রকৃত ব্যয়	৬৫২৮৯				৬৫২৮৯
		শতকরা হার	৮৭				
মোট প্রোগ্রাম/কর্মসূচি ব্যবস্থাপনা	১২৯৮৭০০	লক্ষ্যমাত্রা	৮৬০৫০	৫৫৭৫৫০	৮৭৫৫০	৫৬৭৫৫০	১২৯৮৭০০
		প্রকৃত ব্যয়	৬৬০২৪				৬৬০২৪
		শতকরা হার	৭৬				

আলোচনা : এ বিভাগের আওতাধীন প্রোগ্রাম/কর্মসূচি ব্যবস্থাপনার জন্য মোট বরাদ্দ ১২৯ কোটি ৮৭ লক্ষ টাকা। উক্ত বরাদ্দের বিপরীতে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৭৬% অর্জন সম্ভব হয়েছে।

- পিকেএসএফ এর বরাদ্দ ২২ কোটি টাকা। ১ম কোয়ার্টারে কোন লক্ষ্যমাত্রা না থাকায় অর্জন দেখানো হয়নি।
- বিএমডিএফ এর বরাদ্দ ২৮ কোটি ৫ লক্ষ টাকা। ১ম কোয়ার্টার শেষে কোন অর্জন নাই।
- স্বনির্ভর প্রশিক্ষণ কর্মসূচি এর বরাদ্দ ১ কোটি ৮২ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ১৬% অর্জিত হয়েছে।
- এসডিএফ এর বরাদ্দ ৭৮ কোটি টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৮৭% অর্জিত হয়েছে।

১.১.৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প:

(অংকসমূহ হাজার টাকায়)

প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা/ প্রকৃত ব্যয়	১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর '১৬)	২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর '১৬)	৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ '১৭)	৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন '১৭)	(১ম-৪র্থ) কোয়ার্টার (জুলাই'১৬-জুন'১৭)
পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)	১০০০০০০	লক্ষ্যমাত্রা	৪০০০০	৫০০০০০	৫০০০০	৪১০০০০	১০০০০০০
		প্রকৃত ব্যয়	৪০০০০				০
		শতকরা হার	১০০				
ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট প্রমোশন প্রজেক্ট	৩৪০০০০	লক্ষ্যমাত্রা	০	০	১৭০০০০	১৭০০০০	৩৪০০০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				
আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট	৪৮০০০০	লক্ষ্যমাত্রা	০	০	২৪০০০০	২৪০০০০	৪৮০০০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				
ফাইন্যান্সিং ব্লক কিলন ইফিসিয়েন্সি ইমপ্রুভমেন্ট প্রকল্প (বিকেইআইপি)	১৮৫০৫০০	লক্ষ্যমাত্রা	৪৬২৬২৫	৪৬২৬২৫	৪৬২৬২৫	৪৬২৬২৫	১৮৫০৫০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				
স্মল এন্ড মার্জিনাল সাইজড ফারমার্স এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি ইমপ্রুভমেন্ট এন্ড ডাইভারসিফিকেশন ফাইন্যান্সিং প্রজেক্ট	৩০০০০০০	লক্ষ্যমাত্রা	০	১০০০০০০	১০০০০০০	১০০০০০০	৩০০০০০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				
ফিন্যান্সিয়ালসেক্টরসাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি)	১০২৭৩৬০০	লক্ষ্যমাত্রা	০	২০৫৪৭২০	৩০৮২০৮০	৫১৩৬৮০০	১০২৭৩৬০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)	৩৫০০০০০	লক্ষ্যমাত্রা	৬৯৫৬৬০	৯০০০০০	৯০০০০০	১০০৪৩৪০	৩৫০০০০০	
		প্রকৃত ব্যয়	৬৩৪৮৭৭					৬৩৪৮৭৭
		শতকরা হার	৯১					
বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)	১৫২৮২০০	লক্ষ্যমাত্রা	৩২৮২০০	৪০০০০০	৪০০০০০	৪০০০০০	১৫২৮২০০	
		প্রকৃত ব্যয়	০					০
		শতকরা হার	০					
মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প	২১৯৭২৩০০	লক্ষ্যমাত্রা	১৫২৬৪৮৫	৫৩১৭৩৪৫	৬৩০৪৭০৫	৮৮২৩৭৬৫	২১৯৭২৩০০	
		প্রকৃত ব্যয়	৬৩৪৮৭৭					৬৩৪৮৭৭
		শতকরা হার	৪১					

আলোচনা : এ বিভাগের আওতাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্পসমূহের জন্য মোট বরাদ্দ ২১৯৭ কোটি ২৩ লক্ষ টাকা। উক্ত বরাদ্দের বিপরীতে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৪১% অর্জন সম্ভব হয়েছে।

- পিকেএসএফ এর বরাদ্দ ১০০ কোটি টাকা। ১ম কোয়ার্টারে ১০০% অর্জিত হয়েছে।
- ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট প্রমোশন প্রজেক্ট এর জন্য বরাদ্দ ৩৪ কোটি টাকা। ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নাই।
- আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট এর জন্য বরাদ্দ ৪৮ কোটি টাকা। ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নাই।
- ফাইন্যান্সিং ব্রিককিলন ইফিসিয়েন্সি ইমপ্লিমেন্ট প্রকল্প (বিকেইআইপি) এর জন্য বরাদ্দ ১৮৫ কোটি ৫ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারে কোন অর্জন নাই।
- স্মল এন্ড মার্জিনাল সাইজড ফারমার্স এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি ইমপ্লিমেন্ট এন্ড ডাইভারসিফিকেশন ফাইন্যান্সিং প্রজেক্ট এর বরাদ্দ ৩০০ কোটি টাকা। ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নাই।
- ফিন্যান্সিয়াল সেক্টরসাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি) এর জন্য বরাদ্দ ১০২৭ কোটি ৩৬ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নাই।
- সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর বরাদ্দ ৩৫০ কোটি টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ৯১% অর্জিত হয়েছে।
- বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর জন্য বরাদ্দ ১৫২ কোটি ৮২ লক্ষ টাকা। ১ম কোয়ার্টার শেষে কোন অর্জন নাই।

১.২. উন্নয়ন ব্যয়:

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের জন্য বরাদ্দকৃত উন্নয়ন বাজেট ২০১৬-১৭ এর নির্ধারিত বরাদ্দের বিপরীতে নিম্নরূপভাবে বাস্তবায়ন ব্যয় হয়েছে:

প্রতিষ্ঠানের নাম	বাজেট ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা/ প্রকৃত ব্যয়	(অংকসমূহ হাজার টাকায়)				
			১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর '১৬)	২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর '১৬)	৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ '১৭)	৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন '১৭)	(১ম-৪র্থ) কোয়ার্টার (জুলাই '১৬-জুন '১৭)
ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি)	১৫৫৭৩০০	লক্ষ্যমাত্রা	০	১৩৮৬৮৬	৪৪৫৮১৬	৯৭২৭৯৮	১৫৫৭৩০০
		প্রকৃত ব্যয়	০				০
		শতকরা হার	০				
পাইলট প্রজেক্ট অন ওয়েদারবেইজড ক্রপ ইস্যুরেন্স	৯০৫০০	লক্ষ্যমাত্রা	২২৯৬৭	২১৮৭০	২১৮৭৫	২৩৭৮৮	৯০৫০০
		প্রকৃত ব্যয়	২৭৬৭				২৭৬৭
		শতকরা হার	১২				
মোট উন্নয়ন প্রকল্প	১৬৪৭৮০০	লক্ষ্যমাত্রা	২২৯৬৭	১৬০৫৫৬	৪৬৭৬৯১	৯৯৬৫৮৬	১৬৪৭৮০০
		প্রকৃত ব্যয়	২৭৬৭				২৭৬৭
		শতকরা হার	১২				

আলোচনা : এ বিভাগের আওতাধীন উন্নয়ন ব্যয় খাতে বাজেটে মোট বরাদ্দ ১৬৪ কোটি ৭৮ লক্ষ টাকা। উক্ত বরাদ্দের বিপরীতে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ১২% অর্জন সম্ভব হয়েছে।

- ফিন্যান্সিয়াল সেক্টর প্রজেক্ট প্রজেক্ট এর জন্য বরাদ্দ ১৫৫ কোটি ৭৩ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নাই।
- পাইলট প্রজেক্ট অন ওয়েদারবেইজড ক্রপ ইস্যুরেন্স এর জন্য বরাদ্দ ৯ কোটি ৫ লক্ষ টাকা। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রার ১২% অর্জিত হয়েছে।

২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর ১ম কোয়ার্টার (জুলাই ১৬-সেপ্টেম্বর '১৬) মূল্যায়ন :

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টারের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

২.১. কৌশলগত উদ্দেশ্যসমূহ :

কর্মসম্পাদনের সূচক (Performance Indicator)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of P1)	লক্ষ্যমাত্রার মান (২০১৬-১৭)		খসড়া কোর	মন্তব্য
		অসাধারণ (Excellent) ১০০%	প্রকৃত অর্জন		
১	২	৩	৪	৫	৬
[১.১.১] হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আইনের খসড়া প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত।	৩	১২.০৬.২০১৭	প্রক্রিয়াধীন		
[১.২.১] ফাইন্যান্স কোম্পানি আইনের খসড়া জাতীয় সংসদে প্রেরিত।	৩	১২.০৬.২০১৭	প্রক্রিয়াধীন		
[১.৩.১] মোবাইল ব্যাংকিং কার্যক্রমে বার্ষিক লেনদেনকৃত টাকার পরিমাণ।	৩	১৯২ হাজার কোটি টাকা	৩৭.৯৮		
[১.৪.১] কৃষিক্ষেত্র বিতরণকৃত	৪	১৭৫৫০ কোটি টাকা	৩৪৪৩.৮৫		
[১.৫.১] রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে অনলাইন/ CBS ব্যবস্থার আওতাধীন শাখা	৩	৩২৫০ টি	২৭৮১		
[১.৬.১] বিতরণকৃত এসএমই ঋণ	৩	১১৬.৫ হাজার কোটি টাকা	৩১.৩৮		
[১.৬.২] আদায়কৃত এসএমই ঋণ	২	১০০.৫ হাজার কোটি টাকা	২৭.৮৬		
[১.৭.১] বিএইচবিএফসি বিতরণকৃত ঋণ	২	২৭০ কোটি টাকা	৫৩.৮৩		
[১.৭.২] বিএইচবিএফসি শ্রেণীকৃত ঋণ আদায়	২	৪২%	৭.৩৩		
[২.১.১] বীমা সংক্রান্ত বিধিমালা/ প্রবিধানমালা গেজেটে প্রকাশিত	৯	৪টি	১		
[২.২.১] বীমা দাবী নিষ্পত্তির হার	৫	৭০%	৫২.৭৭		
[২.৩.১] বীমা বিষয়ে প্রশিক্ষিত জনবল	৪	৯৫০ জন	১২৫		
[২.৪.১] বীমা মেলা আয়োজন	৩	১টি	০		
[২.৪.২] বীমা বিষয়ে সেমিনার/ওয়ার্কশপ	২	৪টি	০		
[৩.১.১] স্টক এক্সচেঞ্জসমূহে স্মল ক্যাপ প্লাটফর্ম চালুকরণের নিমিত্ত বিধিমালা গেজেটে প্রকাশ	৩	২২.০৬.২০১৭	প্রক্রিয়াধীন		
[৩.২.১] ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কোম্পানি প্রতিষ্ঠার জন্য বিধিমালা গেজেটে প্রকাশ	৩	২২.০৬.২০১৭	প্রক্রিয়াধীন		
[৩.৩.১] মার্কেট মেকার বিধিমালা গেজেটে প্রকাশিত	৩	২২.০৬.২০১৭	প্রক্রিয়াধীন		
[৩.৪.১] পুঁজিবাজারে প্রশিক্ষিত বিনিয়োগকারী	৩	৭০০	২৬৭		
[৩.৫.১] দেশ ব্যাপী চালুকৃত ফাইন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম	২	২২.০৬.২০১৭	প্রক্রিয়াধীন		
[৩.৬.১] আইসিবি কর্তৃক বিতরণকৃত ঋণ	৩	১০০০ কোটি টাকা	১৫১.৭০ কোটি টাকা		
[৩.৭.১] মূলধন উত্তোলনের জন্য সিকিউরিটিজ ইস্যু	৩	১১টি	৪টি		
[৪.১.১] বিতরণকৃত ক্ষুদ্রঋণ	৪	৭৫০০০ কোটি টাকা	১৮৯৪০ কোটি টাকা		
[৪.১.২] আদায়কৃত ক্ষুদ্রঋণ	৪	৭১৫০০ কোটি টাকা	১৭৮৭৪ কোটি টাকা		
[৪.২.১] MFI সুবিধাভোগীদের সংখ্যা	৪	২৭০ লক্ষ জন	২৬৫ লক্ষ জন		
			উপমোট=	৮০	

২.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

কর্মসম্পাদনের সূচক (Performance Indicator)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of P1)	লক্ষ্যমাত্রার মান (২০১৬-১৭)		খসড়া নম্বর	মন্তব্য
		অসাধারণ ১০০%	প্রকৃত অর্জন		
১	২	৩	৪	৫	
[১.১.১] কর্মসম্পাদন চুক্তিরখসড়া নির্ধারিত সময়সীমার মধ্যে দাখিলকৃত	১	১৫.০৫.২০১৬	১৬.০৫.২০১৬		
[১.২.১] নির্ধারিত তারিখে কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন ২০১৫-১৬ দাখিলকৃত	১	১৪.০৮.২০১৬	১৪.০৮.২০১৬		
[১.৩.১] কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	১	৪	১		
[১.৪.১] কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন দাখিলকৃত	১	৩১.০১.২০১৭	প্রক্রিয়াধীন		
[১.৫.১] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ স্বাক্ষরিত	১	৩০.০৬.২০১৬	৩০.০৬.২০১৬		
[১.৬.১] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত	১	৩ জন	২ জন		
[২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি চালু	১	২৮.০২.২০১৭	প্রক্রিয়াধীন		
[২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরি পত্র জারি	১	১০০%	চলমান		
[২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর জন্য তালিকা প্রণয়ন ও আগ্রাধিকার নির্ধারণ	১	৩০.১১.২০১৬	প্রক্রিয়াধীন		
[২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর সংস্থায় অধিকসংখ্যক সেবা প্রক্রিয়া সহজীকরণের জন্য তালিকা প্রণয়ন ও আগ্রাধিকার নির্ধারণ	১	৩০.১১.২০১৬	প্রক্রিয়াধীন		
[২.৪.১] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন ও অভিযোগ নিষ্পত্তিকৃত	১	৯০%	১০০%		
[৩.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণের সময়*	১	৬০ জন ঘণ্টা	৩০ জন ঘণ্টা		
[৩.২.১] ২০১৬-১৭ অর্থ-বছরের শূদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	১	৩১.০৭.২০১৬	৩১.০৭.২০১৬		
[৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	১	৪	১		
[৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঞ্জিনা পরিচ্ছন্ন	১	৩০.১১.২০১৬	চলমান		
[৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেট সহ অপেক্ষাগার চালুকৃত	১	৩০.১১.২০১৬	চলমান		
[৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	১	৩০.১১.২০১৬	প্রক্রিয়াধীন		
[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	১	১০০%	১০০%		
[৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	১	১৫.১০.২০১৬	১১.০৮.২০১৬		
[৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	১	৫০%	০.৩%		
			উপমোট=	২০	
			মোট=	১০০	

আলোচনা: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, কর্মসম্পাদন সূচকের কোন-কোনটি অর্জিত হয়েছে এবং কিছু কার্যক্রম চলমান/প্রক্রিয়াধীন আছে। যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জনে এ বিভাগের পক্ষ থেকে বিশেষ তৎপরতা গ্রহণ করার এবং ২০১৬-১৭ অর্থ বছরে অর্জিত প্রতিটি কার্যক্রমের বিপরীতে প্রকৃত অর্জনের তথ্য যথাযথ প্রমাণকসহ নির্ধারিত সময়ের মধ্যে দাখিলের বিষয় গুরুত্বারোপ করা হয়।

৩. রাষ্ট্রমালিকানাধীন ৬টি বাণিজ্যিক ব্যাংকের সাথে এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর খসড়া

অনুমোদন:

আলোচনা:

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে আওতাধীন রাষ্ট্রমালিকানাধীন ৬টি বাণিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বেসিক ও বিডিবিএল) এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-২০১৬-১৭ স্বাক্ষরের লক্ষ্যে ব্যাংকসমূহ কর্তৃক চুক্তির দাখিলকৃত খসড়া APA টিম কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। উপস্থাপিত চুক্তির খসড়াসমূহের উপর বিএমসি কমিটিতে বিস্তারিত আলোচনা হয়।

৪. সিদ্ধান্তসমূহ:

ক্রমিক	সভার সিদ্ধান্ত :	বাস্তবায়নে
১.	বাজেট সুস্থভাবে বাস্তবায়নের নিমিত্ত বিস্তারিত ব্যয় পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথভাবে বাজেট বাস্তবায়ন করতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহকে ভবিষ্যতে বাজেটের আলোকে কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।	বিএফআইডি, আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহ
২.	এ বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং বিভিন্ন প্রকল্পের প্রকৃত চাহিদার ভিত্তিতে অর্থ ছাড়করণের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে অর্থ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগে যোগাযোগ করে যথাসময়ে অর্থ ছাড় নিশ্চিত করতে হবে।	বিএফআইডি, আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহ
৩.	সকল ক্ষেত্রে বার্ষিক কর্ম-পরিকল্পনা অনুযায়ী ব্যয় করতে হবে এবং কোন কারণে অর্থ ব্যয় কম বা বেশি হওয়ার সম্ভাবনা দেখা দিলে সংশোধিত বাজেটে সমন্বয়ের প্রস্তাব দিতে হবে।	বিএফআইডি, আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহ
৪.	Integrated Budget & Accounting System (iBAS) এ এন্ড্রিকৃত প্রতিবেদন বিএমসি কর্তৃক অনুমোদন করা হয়। অনুমোদনকৃত ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	বাজেট অধিশাখা বিএফআইডি
৫.	ভবিষ্যতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বিভিন্ন কার্যক্রমের বাস্তবভিত্তিক লক্ষ্যমাত্রা ধার্য করতে হবে এবং যে সকল সূচকের অগ্রগতি সন্তোষজনক নয় সেগুলো যথাসময়ে অর্জনের জন্য এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগের পক্ষ থেকে বিশেষ কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/ অনুবিভাগ, বিএফআইডি এবং আওতাধীন দপ্তর/সংস্থা
৬.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪.৩.১ ক্রমিকে বর্ণিত সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরীক্ষণের ব্যবস্থা চালু সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এ বিভাগের ওয়েবসাইটে একটি মতামত/পরামর্শ করণ সংযোজন করতে হবে।	আইসিটি সেল বিএফআইডি
৭.	জানুয়ারি ২০১৭ এর ১ম সপ্তাহের মধ্যে ২০১৬-১৭ অর্থ বছরের ২য় কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিটি কার্যক্রমের বিপরীতে অর্জনের তথ্য যথাযথ প্রমাণকসহ এ বিভাগের বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে।	সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ বিএফআইডি
৮.	এ বিভাগের সাথে আওতাধীন রাষ্ট্রমালিকানাধীন ৬টি বাণিজ্যিক ব্যাংকের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন করা হয়। দ্রুততম সময়ের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন ৬টি বাণিজ্যিক ব্যাংকের সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে।	বাজেট অধিশাখা বিএফআইডি
৯.	কমিটির সকল সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাকে যথাসময় সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।	সকল সদস্য, বিএমসি

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

৩১.১০.২০১৬

(মানিক চন্দ্র দে)

অতিরিক্ত সচিব

ও

সভাপতি

বাজেট বাস্তবায়ন কমিটি

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়


অ.পূ.দ.

বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।
- ২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭ দিলকুশা বাএ/ ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা, ঢাকা।
- ৪। এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮ শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশী প্লাজা (৭ম তলা), বড় মগবাজার, ঢাকা- ১২১৭।
- ৫। অতিরিক্ত সচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৬। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক/বিডিবিএল প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ১১। যুগ্মসচিব/উপসচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড-হাউজ, হোল্ডিং- ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, স্বনির্ভর বাংলাদেশ, ৪/৫ ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা।
- ১৫। পরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ১৬। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ১৭। উপসচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ১৮। উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ (পামস্টেক উইং), পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ১৯। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রকল্প ব্যবস্থাপনা শাখা-১/২), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ২০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিবের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। প্রোগ্রামার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ - নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।


 ৩১.১০.২০১৬
 (মোঃ এমদাদুল হক চৌধুরী)
 উপসচিব